উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভার কার্যবিবরণী (বিবেচ্য মাস: অক্টোবর/২০২৪)

অধিবেশন:-১৪১

সভাপতি : অরুন কৃষ্ণ পাল, প্রশাসক, উপজেলা পরিষদ, নান্দাইল।
স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।
তারিখ : ২৪ অক্টোবর ২০২৪
সময় : বেলা-১২.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের হাজিরা পরিশিষ্ট ‘ক’ তে সংযুক্ত।

সভার প্রারম্ভে সভাপতি সকল সদস্যগণকে শুভেচ্ছা ও সালাম জানান। বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংযোজন ও বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভার কাজ নিম্নবর্ণিতভাবে আরম্ভ করেন :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **০১। উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ,** অত্র উপজেলার এইচএসসি ফলাফলে পাসের হার নিম্নমানের হওয়ায় দুঃখ প্রকাশ করেন।<br>তিনি জানান যে, অত্র এলাকার শিক্ষার গুণগত মান উন্নয়নের জন্য অভিভাবকদের সচেতন করতে হবে। এইচএসসি পাসের হার বাড়ানোর লক্ষ্যে সকল মাধ্যমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক ও অভিভাবকদের সমাবেশ অনুষ্ঠানের আয়োজন করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে, শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানে অভিভাবক সমাবেশ আয়োজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, নান্দাইল। |
| অভিভাবক সমাবেশ করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে পরামর্শ প্রদান করেন।<br>যে সকল শিক্ষার্থী টেস্ট পরীক্ষার ফলাফলে অকৃতকার্য হবে তাদেরকে এসএসসি পরিক্ষার ফরম পূরণ করতে দেয়া হবেনা। এবং সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে সংশ্লিষ্ট এলাকার প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠান মনিটরিং করার জন্য পরামর্শ প্রদান করেন। | যে সকল শিক্ষার্থী টেস্ট পরীক্ষার ফলাফলে অকৃতকার্য হবে তাদেরকে এসএসসি পরিক্ষার ফরম পূরণ না করানোর সিদ্ধান্ত গৃহীত হয়। পাসের হার বাড়ানোর লক্ষ্যে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে সংশ্লিষ্ট এলাকার প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠান মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা/ চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)। |
| **০২। উপজেলা কৃষি বিভাগ ঃ** ২০২৪-২০২৫ অর্থ বছরে খরিপ-২/২০২৪-২০২৫ মৌসুমে অত্র উপজেলায় ২২৪১০ হেক্টর জমিতে রোপা আমন আবাদ হয়েছে। বর্তমানে রোপা আমন ফসল থোর, ফুলও দুধ অবস্থায় রয়েছে। কৃষক যেন রোপা আমন ফসল সঠিক ভাবে ঘরে তুলতে পারে সে জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রতিটি কর্মকর্তা কৃষকদের পাশে থেকে নিরলস ভাবে কাজ করে যাচ্ছেন। পোকা-মাকড়, রোগ বালাইয়ের হাত থেকে ফসল রক্ষার্থে মাঠে উপসহকারী কৃষি কর্মকর্তাগণ সার্বক্ষণিক কৃষকের পাশে থেকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করে যাচ্ছেন। আবহওয়া অনুকূলে থাকলে এ বছর বাম্পার ফলন হবে বলে আশা করা যাচ্ছে। | কৃষক যেন রোপা আমন ফসল সঠিক ভাবে ঘরে তুলতে পারে সে জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রতিটি কর্মকর্তা কৃষকদের পাশে থেকে নিরলস ভাবে কাজ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, নান্দাইল। |
| ২০২৪-২০২৫ অর্থ বছরে রবি প্রণোদনা কর্মসূচির আওতায় গম-১৪০ জন, ভূট্রা-৩০ জন, সরিষা-১১৬০, চিনাবাদাম-২০, জন শীতকালিন পেয়াজ-১০, মুগডাল-২০ জন, সূর্যমুখি-১৫ জন সর্বমোট-১৩৯৫ জন কৃষকের জন্য বিনা মূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণের জন্য বরাদ্দ পাওয়া গিয়েছে এবং উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সিদ্ধান্ত মোতাবেক ইউনিয়ন ভিত্তিক বিভাজন করা হয়েছে এবং সে অনুযায়ী অগ্রাধিকার তালিকার প্রস্তুতের কাজ চলমান রয়েছে। | ২০২৪-২০২৫ অর্থ বছরে রবি প্রণোদনা কর্মসূচির আওতায় গম-১৪০ জন, ভূট্রা-৩০ জন, সরিষা-১১৬০, চিনাবাদাম-২০, জন শীতকালিন পেয়াজ-১০, মুগডাল-২০ জন, সূর্যমুখি-১৫ জন সর্বমোট-১৩৯৫ জন কৃষকের জন্য বিনা মূল্যে বীজ ও রাসায়নিক সারের প্রণোদনা উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সিদ্ধান্ত মোতাবেক ইউনিয়ন ভিত্তিক বিভাজন করে বিভাজন তালিকা নীতিমালা অনুযায়ী বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>অত্র উপজেলায় কতোগুলো লাইসেন্সধারী সার | উপজেলা কৃষি কর্মকর্তা, নান্দাইল। |

| | | |
|---|---|---|
| পর্যন্ত ইউরিয়া ১৪ মেঃটন, টিএসপি-৭৫ মেঃটন, ডিএপি-৭০ মেঃটন এবং এমওপি-১১০ মেঃটন সার মজুদ রয়েছে। চলতি মৌসুমে চাহিদার তুলনায় কম সার বরাদ্দ পাওয়ায় অতিরিক্ত ইউরিয়া ও নন-ইউরিয়া সারের বরাদ্দের প্রয়োজন রয়েছে। চলতি মৌসুমে কোন প্রকার রাসায়নিক সারের সংকট যেন না হয় সে জন্য মনিটরিং কার্যক্রম জোরদার করা হয়েছে। পাশাপাশি ইউরিয়া ও নন-ইউরিয়া সারের আগমনী বার্তা সঠিক সময়ে উপজেলা কৃষি অফিসারের কার্যালয়ে জমা প্রদানের নির্দেশনা প্রদান করা হয়। | ও বীজ ডিলার/রিটেইলার দোকান রয়েছে তার তালিকা দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা নিবার্হী অফিসার, নান্দাইল মহোদয় দোকান মনিটরিং করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, নান্দাইল। |
| **০৩। উপজেলা মৎস্য বিভাগ :** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি জানান ক্লাইমেট স্মার্ট এগ্রিকালচার এন্ড ওয়াটার ম্যানেজমেন্ট প্রকল্পের আওতায় প্রদর্শনী স্থাপনের জন্য পুকুর পরিদর্শন পূর্বক গ্রুপ গঠন করা হচ্ছে। ১৩ অক্টোবর থেকে ৩ নভেম্বর/২০২৪ তারিখ পর্যন্ত মা ইলিশ ক্রয়বিক্রয় পরিবহন সম্পূর্ণ নিষিদ্ধ এই মর্মে হাট বাজার আড়ৎ পরিদর্শন করা হচ্ছে।<br>সভাপতি জানতে চান যে, অত্র উপজেলা কয়টি মৎস্য দোকান রয়েছে এবং এগুলো রেজিষ্ট্রিকৃত কি না? | ১৩ অক্টোবর থেকে ৩ নভেম্বর/২০২৪ তারিখ পর্যন্ত মা ইলিশ ক্রয়বিক্রয় পরিবহন সম্পূর্ণ নিষিদ্ধ এবং হাট বাজার আড়ৎ পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নান্দাইল। |
| সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি জানান অত্র উপজেলায় ২০টি রেজিষ্ট্রিকৃত মৎস্য দোকান রয়েছে। এর মধ্যে ১৪টি দোকানের লাইসেন্স নবায়ন করা হয়েছে। ৬টি দোকানের লাইসেন্স এখনো নবায়নের বাকি রয়েছে। | অত্র উপজেলায় ২০টি রেজিষ্ট্রিকৃত মৎস্য দোকান ছাড়া, এর বাহিরে যে সকল মৎস্য দোকান রয়েছে সেগুলোর তালিকা তৈরি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নান্দাইল। |
| **০৪। প্রাণি সম্পদ বিভাগ :** নবযোগদানকৃত উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় সকল সদস্যগণের সাথে পরিচিত হন এবং সকল সদস্যগণের সহযোগিতা কামনা করেন।<br>তিনি জানান যে, চলতি অক্টোবর/২০২৪ মাসে ২১৮০৩টি পশুপাখিকে চিকিৎসা প্রদান এবং ৬৬৪০০টি পশুপাখিকে রোগ প্রতিষেধক হিসাবে বিভিন্ন রোগের টিকা প্রদান/সরবরাহ করা হয়েছে। গবাদী পশুর জাত উন্নয়নের লক্ষ্যে ৫০০টি গরম আসা গাভীকে কৃত্রিম প্রজনন করা হয়েছে। দেশ জুড়ে পুনরায় সকল ছাগল ও ভেড়াকে বিনা মূল্যে পিপিআর রোগের টিকা প্রদান করা হয়েছে, এ পর্যন্ত ৪৩৪০০ মাত্রা প্রয়োগ করা হয়েছে। সরকার ঘোষিত তারিখ অনুযায়ী প্রতিটি ওয়ার্ডে ক্যাম্পেইনের মাধ্যমে এ টিকা প্রদান কার্যক্রম পরিচালিত হয়েছে। | নবযোগদানকৃত উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে, উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভায় অভিনন্দন জানানো হয় এবং সকল সদস্যগণ বিভাগীয় কার্যক্রমে সার্বিক সহযোগীতা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল সদস্যগণ। |
| তিনি আরও জানান যে, অত্র দপ্তরে ৪টি পরিত্যাক্ত বিল্ডিং রয়েছে। উপজেলা প্রকৌশলী এলজিইডি এর মাধ্যমে মূল্য নির্ধারণ পূর্বক নিলামের জন্য অনুরোধ করেন। | উপজেলা প্রাণি সম্পদ দপ্তরের ৪টি পরিত্যাক্ত বিল্ডিং এর মূল্য নির্ধারণ পূর্বক প্রাক্কলন প্রস্তুতের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা/ উপজেলা প্রকৌশলী, এলজিইডি, নান্দাইল। |
| **০৫। উপজেলা প্রকৌশলী জানান যে,** ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর (এডিপি) আওতায় ১ম কিস্তির বরাদ্দ পাওয়া গিয়েছে। ১০টি স্কীমের টেন্ডার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। | ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) সাধারণ এবং রাজস্ব হতে স্থানান্তরিত (এডিপি) এর আওতায় স্কীম যাচাই বাছাই করার লক্ষ্যে তালিকা দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, নান্দাইল/ চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)। |

| | | |
|---|---|---|
| **০৬। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান,** ২০২৪-২০২৫ অর্থ বছরের কোন বরাদ্দ পাওয়া যায়নি। আশা করা যাচ্ছে খুব দ্রুত বরাদ্দ পাওয়া যাবে। সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে বরাদ্দ পাওয়ার পূর্বেই প্রকল্প তালিকা উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ে দাখিল করার প্রস্তাব উত্থাপন করেন। | ২০২৪-২০২৫ অর্থ বছরের টি,আর/কাবিখা প্রকল্পের তালিকা উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ে দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)। |
| তিনি আরও জানান যে, অত্র উপজেলায় ৫টি সেতু/কালভার্ট নির্মাণ কাজ চলমান আছে। প্রকল্প গুলো হচ্ছে- ১। জাহাংগীরপুর-মরহুম আফিল উদ্দিন মেম্বারের বাড়ী সংলগ্ন রাঢ়খালী খালের উপর সেতু নির্মাণ, ২। চন্ডীপাশা-দক্ষিণ বাশহাটি আবু চান এর বাড়ীর পশ্চিমে খালের উপর সেতু নির্মাণ, ৩। আচারগাঁও-শিবনগর উদলা সংযোগকারী রাস্তা দুলালের বাড়ীর পশ্চিম পাশে সেতু নির্মাণ, ৪। নান্দাইল-ঝালুয়া বাজারে দিক্ষণ পাশে গজারিয়া বিলের উপর সেতু নির্মাণ, ৫। জাহাংগীরপুর-মৃত লাবুর বাপের বাড়ীর পাশে সেতু নির্মাণ (কাজটি প্রক্রিয়াধীন রয়েছে)। | সেতু/কালভার্ট নির্মাণ প্রকল্পের কাজের গুণগতমান যাচাইয়ের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান প্রকল্প স্থান পরিদর্শন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)। |
| **০৭। উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে,** উপজেলা প্রাথমিক শিক্ষা এডহক কমিটি গঠন করা হয়েছে। সরকারি প্রাথমিক বিদ্যালয় এডহক কমিটি গঠন চলমান রয়েছে। ১৩৩টি স্কুলে এডহক কমিটি গঠন করা হয়েছে। কিছু বিদ্যালয়ে জমি সংক্রান্ত জটিলতার কারনে কমিটি গঠন বিলম্বিত হচ্ছে। একাধিক জমিদাতা বা ওয়ারিশান থাকলে তারা সমঝোতায় পৌঁছতে না পারলে উপজেলা নির্বাহী অফিসার মহোদয় দাতা সদস্য মনোনয়ন দিবেন মর্মে পরিপত্রে উল্লেখ আছে। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সহযোগিতা কামনা করেন। | সরকারি প্রাথমিক বিদ্যালয়ে একাধিক জমিদাতা বা ওয়ারিশান থাকলে তারা সমঝোতায় পৌঁছতে না পারলে উপজেলা নির্বাহী অফিসার মহোদয় দাতা সদস্য মনোনয়ন কাজে সার্বিকভাবে সহযোগিতা প্রদান করবেন । | উপজেলা উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, নান্দাইল। |
| তিনি আরও জানান যে, যে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জমি বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি বা অন্য কারো নামে রেকর্ডভূক্ত আছে তা সচিব প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় বা মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এর নামে রেকর্ড ভূক্ত করণের নিমিত্ত সংশ্লিষ্ট উপজেলা/থানা সহকারি কমিশনার (ভূমি) বরাবর বিবিধ মোকাদ্দমা (মিস কেইস) দায়েরক্রমে রেকর্ড সংশোধন কার্যক্রম গ্রহণ করার জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তর থেকে পরিপত্র জারি করা হয়েছে। এমতাবস্থায় অত্র উপজেলার সংশ্লিষ্ট বিদ্যালয়ের ভূমি, সচিব বা মহাপরিচালক মহোদয়ের নামে রেকর্ড সংশোধনের জন্য উপজেলা সহকারি কমিশনার (ভূমি) মহোদয়ের সহযোগিতা কামনা করেন। | যে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জমি বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি বা অন্য কারো নামে রেকর্ডভূক্ত আছে, সে সকল বিদ্যালয়ের ভূমি পরিপত্র মোতাবেক, সচিব বা মহাপরিচালক মহোদয়ের নামে রেকর্ড ভূক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারি কমিশনার (ভূমি)/ উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, নান্দাইল। |
| **০৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান যে,** নান্দাইল উপজেলায় সকল শিক্ষা প্রতিষ্ঠানের গ্রীষ্মকালীন ক্রিড়া প্রতিযোগিতা সম্পন্ন হয়েছে। পুরষ্কার বিতরণ করা হবে।<br>অত্র উপজেলায় বিশ্ব শিক্ষক দিবস সফলভাবে পালন করা হয়েছে। | অত্র উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানের ক্রিড়া প্রতিযোগিতার পুরষ্কার সুষ্ঠুভাবে বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, নান্দাইল। |
| উপজেলা স্কাউটিং কার্যক্রম চলমান রয়েছে। স্কাউটিং এর চাঁদা উত্তলনের জন্য শিক্ষকদের তাগিদ প্রদান করা হচ্ছে। | উপজেলা স্কাউটিং কার্যক্রম চলমান রাখা এবং স্কাউটিং এর চাঁদা উত্তলন কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, নান্দাইল। |
| তিনি আরও জানান যে অত্র উপজেলায়, জরায়ুমুখ ক্যান্সার প্রতিরোধ (এইচপিভি) টাকাদান ক্যাম্পেইন নান্দাইল পাইলট বালিকা উচ্চ বিদ্যালয় হতে শুরু হয়েছে এবং টিকাদান কার্যক্রম চলমান রয়েছে। | জরায়ুমুখ ক্যান্সার প্রতিরোধ (এইচপিভি) টিকাদান কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, নান্দাইল। |
| সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে চপই দাখিল মাদ্রাসার রির্পোটি দাখিল করার জন্য পরামর্শ প্রদান করেন। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, চপই দাখিল মাদ্রাসার রির্পোট দাখিল করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, নান্দাইল। |

| | | |
|---|---|---|
| **০৯। উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে,** মৃত্যু নিবন্ধন কার্যক্রম নিশ্চিত করার পর, প্রতিস্থাপন কার্যক্রম গ্রহণ করা হবে।<br>প্রতিবন্ধি ভাতা পাওয়ার আবেদন কার্যক্রম চলমান রয়েছে। অদ্য ২৪/১০/২০২৪ তারিখ পর্যন্ত আবেদন গ্রহণ করা হবে।<br>অনগ্রসর জনগোষ্ঠী ভাতার আবেদন গ্রহণ করা হচ্ছে। জেলে, বেদে, সন্যাসী, ঋষি, নাপিত, ধোপা ইত্যাদি নিম্নবর্ণের জনগোষ্ঠীর লোকজন আবেদন করতে পারবেন। সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে উক্ত আবেদন কার্যক্রমে সহযোগিতা করার প্রস্তাব উত্থাপন করেন। | প্রতিবন্ধি ভাতা পাওয়ার আবেদন কার্যক্রম আগামী বুধবার পর্যন্ত গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>অনগ্রসর জনগোষ্ঠী ভাতার আবেদন জেলে, বেদে, সন্যাসী, ঋষি, নাপিত, ধোপা ইত্যাদি নিম্নবর্ণের জনগোষ্ঠীর লোকজন যেন সহজেই আবেদন করতে পারে, সে জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ উদ্যোক্তাদের মাধ্যমে আবেদন করার সিদ্ধান্ত গৃহীত হয়। এবং উক্ত আবেদন কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ সহযোগিতা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, নান্দাইল।<br>চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)। |
| **১০। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে,** আচারগাঁও ইউনিয়নের আবালধনি বাজারের নিকট ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রের পাকা রাস্তা করা প্রয়োজন এবং ১২ নং জাহাংগীরপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের পশ্চিম ও দক্ষিণ পার্শ্বে জলাবদ্ধতা রয়েছে। জলাবদ্ধতা দূর করার জন্য মাটি ভরাট করার প্রস্তাব উত্থাপন করেন।<br>পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ক। আচারগাঁও ইউনিয়নের আবালধনি বাজারের নিকট ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রের রাস্তা সংস্কার<br>খ। ১২ নং জাহাংগীরপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রের পশ্চিম ও দক্ষিণ পার্শ্বে জলাবদ্ধতা দূর করণ প্রকল্পগুলো, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের এডিপি প্রকল্প তালিকার সাথে উক্ত প্রকল্প দুইটি সংযুক্ত করে উপজেলায় দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯নং আচারগাঁও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এবং ১২নং জাহাংগীরপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান। |
| **১১। উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান যে,** সমগ্রদেশের ন্যায় নান্দাইল উপজেলায় টিউবওয়েল সমূহের কাজ চলমান রয়েছে।<br>২০২৪-২০২৫ অর্থ বছরের নলকূপের বরাদ্দ এখনও পাওয়া যায়নি। | নলকূপের ধরণ ও সংখ্যা প্রাপ্তি সাপেক্ষে পরবর্তিতে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ হতে তালিকা গ্রহণ করা হবে এবং সভাপতি মহোদয় নলকূপ স্থাপনের স্থান নির্বাচন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)/ উপসহকারীপ্রকৌশলী (জনস্বাস্থ্য)। |
| **১২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (বিআরডিবি) জানান,** সেচযন্ত্র/মেয়াদী (ডিটিডাব্লিউ ও এসটিডাব্লিউ) ও অন্যান্য ঋণ (ফসলী/শষ্য, আবর্তক কৃষি, সদাবিক, বীরমুক্তিযোদ্ধা, পল্লী প্রগতি ও পল্লী উদ্যোক্ত) আদায়ের নিয়মিত কাজ (মৌখিক ও লিখিত তাগিদ) চলমান রয়েছে। খেলাপী/বকেয়া ঋণ আদায়ে ইতপূর্বে ১৬টি সার্টিফিকেট মামলা করা হয়েছিল যার ৪টি নিস্পত্তি হয়েছে এবং ১২টি অনিস্পন্ন অবস্থায় রয়েছে তবে প্রক্রিয়া চলমান রয়েছে। ৩ জন সদস্যকে পল্লী উদ্যোক্ত ঋণ পুন:বিতরণ ৩ লক্ষ টাকা।<br>উপজেলা পরিষদ চত্বরে নির্মিত বিআরডিবির মালিকানাধীন জোড়া বাড়ীর বর্তমান বাসা ভাড়া নিয়মিত আদায় হচ্ছে এবং বকেয়া বাসা ভাড়া আদায়ে তাগিদ অব্যাহত থাকায় বকেয়ার আংশিক আদায় হয়েছে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ের আওতায় খেলাপী ঋণ আদায়ের জন্য সার্টিফিকেট মামলা করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>উপজেলা পরিষদ চত্বরে নির্মিত বিআরডিবির মালিকানাধীন জোড়া বাড়ীর বাসা ভাড়া নিয়মিত আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নান্দাইল।<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নান্দাইল। |

| | | |
|---|---|---|
| **১৩। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে,** বিডব্লিউবি খাদ্য শস্যের অক্টোবর/২০২৪ মাসের ডিও দেয়া হয়েছে। প্রতিমাসের খাদ্য প্রতিমাসে বিতরণ করে প্রতিবেদন উপজেলা কমিটিতে প্রেরণ করার জন্য অনুরোধ করেন।<br><br>মা ও শিশু সহায়তা ভাতা ২০২৪-২০২৫ অর্থ বছরের বরাদ্দের আওতায় প্রতি ইউনিয়নে ৯ জন করে বরাদ্দ পাওয়া গেছে পৌরসভা বাদে। প্রতি মাসের ২০ তারিখের মধ্যে মা ও শিশু সহায়তা ভাতার তালিকা উপজেলা কমিটিতে প্রেরণ করার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করেন।<br><br>কিশোরকিশোরী ক্লাব এর কার্যক্রম ও সেলাই প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। | সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে প্রতিমাসের খাদ্য প্রতিমাসে বিতরণ করে বিতরণ প্রতিবেদন উপজেলা কমিটিতে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>মা ও শিশু সহায়তা ভাতার তালিকা প্রতি মাসের ২০ তারিখের মধ্যে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে উপজেলা কমিটিতে দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>নীতিমালা মোতাবেক কিশোরকিশোরী ক্লাব এর কার্যক্রম ও সেলাই প্রশিক্ষণ কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)।<br><br>চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)।<br><br>উপজেলা মহিলা বিষয়ক, কর্মকর্তা, নান্দাইল। |
| **১৪। উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে,** নান্দাইল উপজেলায় ৪২টি নিবন্ধিত সমবায় সমিতি রয়েছে। সমিতিগুলো সমবায় সমিতি আইন ও বিধি মোতাবেক পরিচালিত হচ্ছে। ৪২টি সমবায়ের মধ্যে জাইকা কর্তৃক বাস্তবায়িত প্রকল্পভূক্ত ০৬টি পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি রয়েছে। তারমধ্যে ০৩টি পানি ব্যবস্থাপনা সমবায়ের নির্বাচন সম্পন্ন হয়েছে, ০২টি সমিতিতে অর্ন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি বিদ্যমান ও ০১ টি সমিতি অকার্যকর অবস্থায় রযেছে। | সমবায় সমিতি আইন ও বিধি মোতাবেক সমবায় সমিতিগুলোর কমিটি গঠন ও অন্যান্য সকল কার্যক্রম পরিচালনার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, নান্দাইল। |
| **১৫। উপজেলা বন বিভাগ :** ভারপ্রাপ্ত কর্মকর্তা জানান যে, আচারগাঁও হতে বাকচান্দা সংযোগ সড়কে ১৯৯৬-১৯৯৭ সনে সৃজিত ষ্ট্রীপ বাগানে ২০২০-২০২১ সনে মৃত ও ঝুঁকিপূর্ণ গাছ টেন্ডারের মাধ্যমে বিক্রয় করা হয়। যার বিক্রয় মূল্য ৫,৬৪,৫৩৯/- টাকা বিধি মোতাবেক উপকারভোগীদের লভ্যাংশ পরিশোধকরা হলেও ভূমি মালিক সংস্থার ২০% ও ইউনিয়ন পরিষদের ৫% লভ্যাংশ বাকী আছে। চুক্তিপত্র মূলে ভূমি মালিক আচারগাঁও ইউনিয়ন পরিষদ সেই হিসাবে ২০%+৫% মোট ২৫% হিসাবে ১,৪১,১৩৪/৭৫ টাকা আচারগাঁও ইউনিয়ন পরিষদের প্রাপ্য বিধায় প্রদানের প্রস্তাব উত্থাপন করেন।<br>মুশুল্লী হতে কালিগঞ্জ বাজার পর্যন্ত ১৯৯৩-১৯৯৪ সনে সৃজিত ৩.০ কি:মি: বাগান সড়ক উন্নয়ন মূলক কাজের জন্য জরুরী ভিত্তিতে টেন্ডারের মাধ্যমে ৮টি লটকরে বিক্রয় করা হয়। তার মধ্যে ৭টি লটের টাকা আদায় হয়েছে। ১টি লটের টাকা আদায়ের বাকি আছে। উর্ধ্বতন কর্তৃপক্ষের নিষেধাজ্ঞা থাকায় লটের টাকা আদায় করা যাচ্ছেনা। কর্তৃপক্ষের সিদ্ধান্ত পাওয়া গেলে পরবর্তীতে সভায় উপস্থাপন করা হবে। | বিধি মোতাবেক ভূমি মালিক সংস্থা আচারগাঁও ইউনিয়ন পরিষদের ২০% ও ইউনিয়ন পরিষদের নির্ধারিত ৫% সহ মোট ২৫% অর্থ আচারগাঁও ইউনিয়ন পরিষদকে প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>মুশুল্লী হতে কালিগঞ্জ বাজার পর্যন্ত ১৯৯৩-১৯৯৪ সনে সৃজিত বাগান সড়ক উন্নয়ন মূলক কাজের জন্য জরুরী ভিত্তিতে টেন্ডারের মাধ্যমে বিক্রয়কৃত বাকি ১টি লটের টাকা আদায় জন্য কর্তৃপক্ষের সিদ্ধান্ত পাওয়া গেলে পরবর্তী সভায় উপস্থাপন করা সিদ্ধান্ত গৃহীত হয়। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, বন বিভাগ, নান্দাইল<br><br>ভারপ্রাপ্ত কর্মকর্তা, বন বিভাগ, নান্দাইল |
| **১৬। উপজেলা আইসিটি কর্মকর্তা জানান যে,** নান্দাইল উপজেলার ওয়েব পোর্টালের সম্পূর্ণতার হার ১০০%, ৩২টি সরকারি অফিস এবং ১৩টি ইউনিয়ন নিয়ে ওয়েব পোর্টালের সার্বিক সম্পূর্ণতার হার ৯২%, অসম্পূর্ণতার হার ৮%। আগামী উপজেলা পরিষদ সাধারণ সভার পূর্বে সরকারি অফিসগুলোর সম্পূর্ণতার হার ১০০% করার বিষয়ে প্রস্তাব উত্থাপন করেন। ডি-নথিতে নান্দাইল উপজেলার লাইভ অফিসের সংখ্যা ২০টি । ডি-নথির যথাযথ ব্যবহার নিশ্চিত করার জন্য দপ্তর প্রধানদের অনুরোধ করেন।<br><br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্পের আওতায় নান্দাইল উপজেলা প্রশাসনিক ভবনের পঞ্চম তলায় উদ্ধমুখী সম্প্রসারণের অবশিষ্ট কাজ আবার শুরু হওয়ায় উপজেলা আইসিটি কর্মকর্তা উপজেলা প্রকৌশলী এবং | আগামী উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভার পূর্বে সরকারী অফিসগুলোর সম্পূর্ণতার হার ১০০% করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। নিয়মিত যথাযথভাবে ওয়েব পোর্টাল ও ডি-নথির ব্যবহার নিশ্চিতকরনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>উপজেলা প্রশাসনিক ভবনের পঞ্চম তলায় উদ্ধমুখী সম্প্রসারণের কাজের গুণগতমান যথাযথভাবে নিশ্চিতকরনের সিদ্ধান্ত গৃহীত হয়। | দপ্তর প্রধান (সকল)<br><br>উপজেলা প্রকৌশলী, এলজিইডি, নান্দাইল। |

| | | |
|---|---|---|
| কাজের গুণগতমান সর্বোচ্চ নিশ্চিত করার জন্য উপজেলা প্রকৌশলী নান্দাইলকে অনুরোধ করেন।<br><br>ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্পের আওতায় নান্দাইল উপজেলায় সরকারি প্রাথমিক বিদ্যালয়, মাধ্যমিক উচ্চ বিদ্যালয়, মাদ্রাস, কলেজ, ইউনিয়ন ভূমি অফিস, ইউনিয়ন কমিউনিটি ক্লিনিক, নান্দাইল ডায়াবেটিক সমিতি, নান্দাইল টেকনিক্যাল স্কুল ও কলেজ সহ মোট ২৮৪টি ব্রডব্রেন্ড ইন্টারনেট সংযোগ প্রদান করা হবে। এ লক্ষ্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সহ সংশ্লিষ্ট সকল দপ্তরকে সহযোগিতা করার জন্য অনুরোধ করেন।<br><br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ০৭ অক্টোবর ২০২৪ খ্রিঃ তারিখের ৪৬৫ নং স্মারকের মাধ্যমে শেখ রাসেল ডিজিটাল ল্যাব এবং শেখ রাসেল স্কুল অব ফিউচার এর নাম পরিবর্তন করে আইসিটিডি ডিজিটাল ল্যাব এবং আইসিটিডি স্কুল অব ফিউচার নামকরণ করা হয়েছে। এছাড়া নান্দাইল পাইলট উচ্চ বালিকা বিদ্যালয়ে আইসিটিডি রোবটিক কর্ণারের কার্যক্রম চলমান রয়েছে। | ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্পের আওতায় নান্দাইল উপজেলায় সরকারি প্রাথমিক বিদ্যালয়, মাধ্যমিক উচ্চ বিদ্যালয়, মাদ্রাস, কলেজ, ইউনিয়ন ভূমি অফিস, ইউনিয়ন কমিউনিটি ক্লিনিক, নান্দাইল ডায়াবেটিক সমিতি, নান্দাইল টেকনিক্যাল স্কুল ও কলেজ সহ মোট ২৮৪টি ব্রডব্রেন্ড ইন্টারনেট সংযোগ প্রদান কাজে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সহ সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণ সার্বিক সহযোগিতা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)/ দপ্তর প্রধানগণ (সকল)। |
| ১৭। **উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা জানান যে,** অত্র কার্যালয়ের মোট ঋণ বিতরণ হয়েছে ১,৩৭,৪০,০০০/- টাকা। মোট স্থিতি আছে ৪,৯৯,৩০,০০০/- টাকা। মোট খেলাপী আছে ১,২৯,২৫,০০০/- টাকা। খেলাপী হ্রাস করার জন্য নোটিশ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এ ব্যাপারে উপজেলা নির্বাহী অফিসার মহোদয় ও বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের সহযোগীতা কামনা করেন।<br><br>সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার, খেলাপী ঋণ আদায়ের জন্য সার্টিফিকেট মামলা করার পরামর্শ প্রদান করেন এবং এ বিষয়ে তিনি সার্বিক সহযোগীতা প্রদান করবেন। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তার কার্যালয়ের খেলাপী ঋণ আদায়ের জন্য সার্টিফিকেট মামলা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, নান্দাইল। |
| ১৮। **পল্লী সঞ্চয় ব্যাংক :** শাখা ব্যবস্থাপক জানান যে, অত্র কার্যালয়ের কর্মকর্তা কর্মচারী ২৮ জন এবং সমিতির সংখ্যা ৩৩৭টি রয়েছে। উপকারভোগী সমিতির সদস্য মোট ১৪২১৩ জন। উপকারভোগী সদস্যদের নিজস্ব সঞ্চয় ৮.০২ (আট কোটি দুই লক্ষ) টাকা। সমিতির সদস্যদের মাঝে এ পর্যন্ত ঋণ বিতরণ করা হয়েছে ২৫.০০ (পঁচিশ কোটি) টাকা। সমিতি সদস্যদের মাঝে এ পর্যন্ত ঋণ বকেয়া রয়েছে ১২.৭৮ (বারো কোটি আটাত্তর হাজার) টাকা। শ্রেণীকৃত ঋণ এর পরিমান ৭.০০ কোটি টাকা। শ্রেণীকৃত ঋণ এর পরিমান আদায়ের জন্য লিগ্যাল নোটিশ প্রদানের প্রক্রিয়া চলমান আছে। | পল্লী সঞ্চয় ব্যাংক, শাখা ব্যবস্থাপককে বিধি মোতাবেক খেলাপী ঋণ আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের এবং খেলাপী ঋণ আদায়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে সার্বিক সহযোগীতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, নান্দাইল/ চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)। |
| ১৯। **ডিজিএম, কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, নান্দাইল জোনাল অফিস এর প্রতিনিধি জনানা যে,** অত্র অফিসের কার্যক্রম স্বাভাবিক রয়েছে।<br>সভাপতি জনান যে, কানুরামপুর সড়ক ও জনপথের জায়গায় যে সকল ঘর রয়েছে, সবগুলি ঘর হতে দ্রুত বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করতে হবে।<br><br>আইন অনুযায়ী আগামী সোমবার দিন সহকারী কমিশনার (ভূমি), নান্দাইল এবং সড়ক ও জনপথের প্রকৌশলী, কিশোরগঞ্জ এর উপস্থিতিতে অবৈধ ঘর উচ্ছেদের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। উক্ত উচ্ছেদ অভিযানে পল্লী বিদ্যুৎ অফিস হতে জনবল উপস্থিত থাকার জন্য পরামর্শ প্রদান করেন। | কানুরামপুর সড়ক ও জনপথের জায়গায় যে সকল অবৈধ ঘর রয়েছে, সবগুলি ঘর হতে দ্রুত বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>সহকারী কমিশনার (ভূমি), নান্দাইল এবং সড়ক ও জনপথের প্রকৌশলী, কিশোরগঞ্জ এঁর উপস্থিতিতে আইন অনুযায়ী আগামী সোম বার দিন সড়ক ও জনপথের জায়গায় অবৈধ ঘর উচ্ছেদের সিদ্ধান্ত গৃহীত হয় এবং ডিজিএম কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি উক্ত উচ্ছেদ অভিযান চলাকালীন সময়ে পল্লী বিদ্যুৎ অফিস হতে প্রয়োজনীয় লোকবল দিয়ে সহযোগিতা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম, কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, নান্দাইল।<br><br>সহকারী কমিশনার (ভূমি), নান্দাইল /সড়ক ও জনপথের প্রকৌশলী,কিশোরগঞ্জ /কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, নান্দাইল। |

| | | |
|---|---|---|
| ব্যয়ভার এবং এর প্রক্রিয়া কি? এ বিষয়ে জানতে চান। | বৈদ্যুতিক খুটি বা কোন গ্রাহক কর্তৃক আবেদিত খুটি সরানোর কোন সুযোগ নাই। সাধারণত কোন খুটি সরানোর জন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের প্রয়োজন হলে তারা পল্লী বিদ্যুৎ অফিসে নির্ধারিত ফি জমা দিয়ে আবেদন করবেন এবং উক্ত আবেদনটি যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন হওয়ার পর প্রাক্কলিত অর্থ অফিসে জমা দেওয়ার পরই টেন্ডারের মাধ্যমে ঐ খুটি সরানোর সুযোগ রয়েছে অন্যথায়, নয়। | |
| ২০। **চেয়ারম্যান ৫নং গাংগাইল ইউনিয়ন পরিষদ** জানান যে, গাংগাইল ইউনিয়নের শাইলধরা বাজারে জনস্বাস্থ্য প্রকৌশলীর কার্যালয়ের আওতায় ১টি সাবমারসেবল টিউবওয়েল স্থাপন করা হয়েছে। উক্ত কাজে ৩টি লাইন স্থাপন বাকি রয়েছে। বাকি ৩টি লাইন স্থাপন কাজে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সার্বিক সহযোগিতা করার প্রস্তাব উত্থাপন করেন। | গাংগাইল ইউনিয়নের শাইলধরা বাজারে প্রস্তাবিত ৩টি লাইন স্থাপনের জন্য চেয়ারম্যান গাংগাইল ইউনিয়ন পরিষদ সার্বিক সহযোগিতা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত কাজ বাস্তবায়নের জন্য উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | চেয়ারম্যান গাংগাইল ইউনিয়ন পরিষদ/ উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ২১। **চেয়ারম্যান ৬নং রাজগাতী ইউনিয়ন পরিষদ সভায় জানান যে,** বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে ১জন আহত ব্যক্তির পিতা, ছেলের চিকিৎসার জন্য আর্থিক সাহায্য পাওয়ার নিমিত্তে প্রশাসক, উপজেলা পরিষদ, নান্দাইল বরাবর আবেদন দাখিল করেন। উক্ত আবেদন উত্থাপন করেন। | বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে আহত ব্যক্তি জনাব আবুল হাসেম, পিতা- আঃ হেকিম, গ্রাম-সিংদই, ডাকঘর-সিংরইল বরাবর ৫০০০/- টাকা চিকিৎসা ব্যয় বাবদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল অপ্রত্যাশিত খাত হতে ব্যয়ের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ, নান্দাইল। |
| ২২। **চেয়ারম্যান ০৯ নং আচারগাঁও ইউনিয়ন পরিষদ জানান যে,** নান্দাইল বাজার সোনালী ব্যাংক (নদীর পাড় ভায়া) হতে খাল পাড় রাস্তা দিয়ে পথচারীগণ খুব কষ্টে চলাচল করছে। উক্ত রাস্তাটি পুন: নির্মাণ করার প্রস্তাব উত্থাপন করেন। | নান্দাইল বাজার সোনালী ব্যাংক (নদীর পাড় ভায়া) হতে খাল পাড় রাস্তা পুন:নির্মাণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক, নান্দাইল পৌরসভা। |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি ও প্রশাসক, উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ কর্তৃক উপস্থিত সম্মানিত সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৪/১০/২৪

(অরুন কৃষ্ণ পাল)
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
নান্দাইল, ময়মনসিংহ।

স্মারকনং- ৪৬.৪৫.৬১৭২.০০০.০৬.০০১.২৪-৪১ তারিখ ঃ-২৪/১০/২০২৪ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :-

১। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।

২। জেলা প্রশাসক, ময়মনসিংহ।

৩। সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা শাখা-১/উপজেলা শাখা-২ বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৪। প্রশাসক, নান্দাইল পৌরসভা, নান্দাইল, ময়মনসিংহ।

৫। ------------------------------------------------------------নান্দাইল, ময়মনসিংহ।

৬। উপজেলা ---------------------------------------------------- কর্মকর্তা, নান্দাইল, ময়মনসিংহ।

৭। চেয়ারম্যান ---------------------------------ইউনিয়ন পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।

৮। অফিস কপি।

ArunPaul 24/10/24

(অরুন কৃষ্ণ পাল)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
নান্দাইল, ময়মনসিংহ।